bengalioldsongs.in

## তরুণ বন্দ্যোপাধ্যায়

## Tarun Banerjee

সুরঃ—শ্যামল মিত্র

**GE 24968** আমার এ মন ভেসে যায়
আনারকলি

(১)

কথাঃ—শ্রীশংকর

আমার এ মন ভেসে যায়
আকাশের ঐ নীলিমায়
মনের গোপনে তোমারে চাহিয়া
চলেছি যে আজি
তোমারি আশাতে খেয়াটি বাহিয়া
দূরের মেঘের ছায় ॥

কত দূরে বল না
আমারে লয়ে কেন ছলনা।
কত যে বেদনা রেখেছি লুকায়ে
তুমি কি জানো
অনেক তৃষা যে গিয়াছে শুকায়ে
এ মরু-বালু-বেলায় ॥*

(২)

কথাঃ—অনল চট্টোপাধ্যায়

কোনো দিন বন্ধু কান পেতে শুনেছো কি
সমাধির মাঝে কে কাঁদে
আকাশে বাতাসে
কার সে হারানো প্রেম
কারে যেন খুঁজে কেঁদে কেঁদে ফেরে—
সে যে এক ঝরা কলি
সে যে আনারকলি ॥

যুগ যুগ ধরে' কেন কাঁদে জানো তা কি
চোখের জলে গাঁথা সে কাহিনী শোন বলি -
সে যে এক ঝরা কলি
সে যে আনারকলি ॥

সে এক চাঁদনী রাত বকুলঝরা আঙিনায়
সেলিম আনারকলি দু'জনেই বাণী হারায়—
আকাশের বুকে মেঘ ভেসে যায়
—বকুল ঝরা আঙিনায়।

কত না নিবিড় করে চেয়েছিল দু'জনে
দু'জনার এই ভুবনে
হীরা মাণিক নয়, প্রেমের কুসুম দিয়ে
চিরতরে শুধু জীবনে।

নিঠুর নিয়তি সেতো চিরদিন
খেলাঘর ভাঙে
বিনিময়ে মরণ ফুলসম এ হৃদয়
গেল পায়ে দলি'
যেন এক ঝরা কলি
আনারকলির প্রেম পায়নি তো
প্রেমের সফলতা
চির বিরহীর বুকে অমর হয়েছে
তারি কথা—
আনারকলি—আনারকলি—আনারকলি ॥*



তরুণ বন্দ্যোপাধ্যায়

জনপ্রিয় শিল্পী এবার অভিনব বিষয় বস্তুর উপর বিরহ ব্যথা ভরা যে দু'খানি আধুনিক গান পরিবেশন করেছেন—তা রচনা, সুর ও পরিবেশন গুণে সকলের মনকে অভিভূত করবে।